

# গান্ধী আশ্রম (ট্রাস্টি বোর্ড) আইন, ২০২১

( ২০২১ সনের ১৫ নং আইন )

## Gandhi Ashram (Board of Trustees) Ordinance, 1975 রহিতক্রমে সময়োপযোগী করিয়া নূতনভাবে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের, অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হয় এবং সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৬ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যিকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যিক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতনভাবে আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উল্লিখিত সিদ্ধান্তের আলোকে Gandhi Ashram (Board of Trustees) Ordinance, 1975 (Ordinance No. LI of 1975) রহিতক্রমে সময়োপযোগী করিয়া নূতন আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

### সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

১। (১) এই আইন গান্ধী আশ্রম (ট্রাস্টি বোর্ড) আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

### সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে,-

১) “গান্ধী আশ্রম” অর্থ নোয়াখালীর জয়াগে অবস্থিত গান্ধী আশ্রম;

২) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;

গান্ধী আশ্রম ট্রাস্টি বোর্ড আইন ২০২১  
৩) “ট্রাস্টি” অর্থ বোর্ডের কোনো ট্রাস্টি;

৪) “ট্রাস্টি বোর্ড” অর্থ ধারা ৫ এর অধীন গঠিত ট্রাস্টি বোর্ড;

৫) “তহবিল” অর্থ ধারা ১০ এর অধীন গঠিত বোর্ডের তহবিল; এবং

(৬) “বোর্ড” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত গান্ধী আশ্রম ট্রাস্টি বোর্ড।

## বোর্ড প্রতিষ্ঠা

৩। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, Gandhi Ashram (Board of Trustees) Ordinance, 1975 (Ordinance No. LI of 1975) এর অধীন প্রতিষ্ঠিত Board of Trustees of the Gandhi Ashram, গান্ধী আশ্রম ট্রাস্টি বোর্ড, নামে অভিহিত হইবে এবং ইহা এমনভাবে বহাল থাকিবে যেন ইহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং এই আইনের বিধানাবলি সাপেক্ষে, ইহার স্বাবর ও অস্বাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

## বোর্ডের কার্যালয়

৪। বোর্ডের প্রধান কার্যালয় নোয়াখালী জেলার জয়াগ এ থাকিবে এবং বোর্ড, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোনো স্থানে উহার আঞ্চলিক ও শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

## ট্রাস্টি বোর্ড

৫। (১) একজন চেয়ারম্যান ও ৬ (ছয়) জন ট্রাস্টির সমন্বয়ে ট্রাস্টি বোর্ড গঠিত হইবে।

(২) চেয়ারম্যান ও ট্রাস্টিগণ সরকার কর্তৃক মনোনীত হইবেন।

(৩) চেয়ারম্যান ও ট্রাস্টিগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার, চেয়ারম্যান বা ট্রাস্টিগণের মেয়াদ শেষ হইবার পূর্বে তাহাদের মনোনয়ন বাতিল করিতে পারিবে।

## বোর্ডের কার্যাবলি

৬। বোর্ডের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 (ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 (ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(খ) কারিগরি ও বৃত্তিমূলক প্রতিষ্ঠান স্থাপন;

গ) বিধবা, এতিম ও দুস্থদের জন্য বাসস্থান নির্মাণ;

ঘ) সুতা-কাটা, বুনন, মৌমাছি পালন, মৎস্য চাষ বা সমজাতীয় অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের লাভজনক পেশা গ্রহণে সহায়তা;

ঙ) কুটির শিল্প প্রতিষ্ঠা;

চ) অম্বর চরকা (ambar charkha) সরবরাহ; এবং

(ছ) জনসাধারণকে শান্তি ও সম্প্রীতিতে জীবনযাপনসহ স্বাবলম্বীকরণ সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদন।

## ট্রাস্টি বোর্ডের সভা

৭। (১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, ট্রাস্টি বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) ট্রাস্টি বোর্ডের সভা উহার চেয়ারম্যানের সম্মতিক্রমে উহার সদস্য-সচিব কর্তৃক আহূত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) চেয়ারম্যান ট্রাস্টি বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে চেয়ারম্যানের অনুপস্থিতিতে তদ্ব্যক্তিক মনোনীত কোনো ট্রাস্টি সভাপতিত্ব করিতে পারিবেন।

(৪) ট্রাস্টি বোর্ডের সভার কোরামের জন্য অনূন ৩ (তিন) জন ট্রাস্টির উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মূলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৫) ট্রাস্টি বোর্ডের প্রত্যেক ট্রাস্টির একটি করিয়া ভোট থাকিবে এবং উপস্থিত ট্রাস্টিগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

## সচিব

৮। (১) বোর্ডের একজন সচিব থাকিবেন।